# সকলের জন্য প্রি-কের আদর্শমান

প্রতিদিন, নিউ ইয়র্ক সিটির সর্বত্র, আমরা আমাদের সকল শিক্ষার্থী তাদের শিক্ষার পরবর্তী ধাপের জন্য তৈরি আছে, এবং চূড়ান্তভাবে, ২১ শতকের নাগরিক হিশেবে সফল হওয়া ও সংশ্লিষ্ট থাকার জন্য প্রস্তুত রয়েছে এটি নিশ্চিত করার জন্য কাজ করে থাকি। এই লক্ষ্যের অংশ হিশেবে, এবং নিউ ইয়র্ক সিটির ইতিহাসে এই প্রথমবারের মতো, চার বছর বয়সী প্রত্যেক ছেলেমেয়ে এনওয়াইসির সকলের জন্য প্রি-কের মাধ্যমে ফ্রি, পূর্ণদিন, উচ্চমানসম্পন্ন প্রি-কেতে তাদের সাফল্যের যাত্রা শুরু করার সুযোগ লাভ করবে।

এনওয়াইসি সকলের জন্য প্রি-কে কর্মসূচির আদর্শমান এনওয়াইসিতে সকলের জন্য প্রি-কে কর্মসূচিগুলির উচ্চমানের ব্যাপারে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE)-এর দর্শন সংজ্ঞায়িত করে। এগুলি পরিবার সংশ্লিষ্টতা, কঠোর এবং বর্ধনগতভাবে উপযুক্ত নির্দেশনা, পেশাগত সহযোগিতা, এবং নিউ ইয়র্ক স্টেট প্রিকিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর দি কমন কোর (PKFCC)-এ বর্ণিত জ্ঞান ও দক্ষতা অর্জনে ছেলেমেয়েদের সাহায্য করে এমন নেতৃত্বব্যবস্থার প্রধান অনুশীলনসমূহ বর্ণনা করে। প্রি-কে থেকে ১২ গ্রেড অবধি স্কুল উন্নয়নে এনওয়াইসিডিওই-র দর্শনে প্রোথিত, সেরা স্কুলের জন্য ডিওই-কাঠামো, সকলের জন্য প্রি-কে কর্মসূচির আদর্শমান সব ধরনের বিন্যাসে প্রি-কে কর্মসূচিগুলির জন্য একগুচ্ছ অভিন্ন প্রত্যাশা প্রতিষ্ঠিত করে। এনওয়াইসিডিওই ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE) কর্মচারিবৃন্দ, প্রি-কে কর্মসূচি নেতৃত্ব ও শিক্ষকমণ্ডলী এবং প্রি-কে পরিবারবর্গ কর্মসূচির মান ও ছেলেমেয়েদের জন্য ইতিবাচক ফলাফল বোঝা এবং উন্নত করার জন্য কর্মসূচির আদর্শমান ব্যবহার করবেন।

প্রি-কে হচ্ছে আমাদের শহরের নবীন বিদ্যার্থীদের জন্য একটি গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য ভিত্তি, এবং এনওয়াইসিডিওই-র সঙ্গে শিক্ষাসংক্রান্ত সম্পর্কের সূচনা। সেমতো, কর্মসূচি আদর্শমান এনওয়াইসিডিওই, সকলের জন্য প্রি-কে শিক্ষাব্রতী ও নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টার (NYCEECs) এবং এলেমেন্টারি স্কুলসমূহের মধ্যে সহযোগিতার নতুন সুযোগ প্রদান করবে। প্রি-কে ছেলেমেয়ে এবং তাদের পরিবারবর্গ প্রি-কে থেকে কিন্ডারগার্টেনে মসৃণ উত্তরণের সুফল লাভ করবে, এবং এনওয়াইসিডিওই প্রি-কে বছরে প্রতিষ্ঠিত শিক্ষণ ও উন্নয়নের মানসম্মত ভিত্তির উপর অগ্রযাত্রা অব্যবহত রাখতে সমর্থ হবে। ২০১৫-২০১৬ স্কুলবছরে শুরু, ডিইসিই-র উপযোগী সাহায্য ও পেশাদার শিক্ষণ সুবিধাগুলিকে কর্মসূচি আদর্শমান অভিমুখী করা হবে এবং ডিইসিই একটি অভিন্ন বোধকে গভীরতর করা লক্ষ্যে কর্মসূচি ও স্কুল কম্যুনিটিসমূহের সঙ্গে সংশ্লিষ্ট হবে। সকলের জন্য প্রি-কে কর্মসূচি আদর্শমান কিন্ডারগার্টেন ও উত্তরকালে সাফল্য লাভে আমাদের ছেলেমেয়েদের প্রস্তুতি করার লক্ষ্যে আমাদের অনুশীলনের মান উন্নত করার উদ্দেশ্যে একটি সম্মিলিত প্রচেষ্টা পরিচালিত করবে।



T&I-23340 (Bengali)

# সকলের জন্য প্রি-কে কর্মসূচির আদর্শমানকে সেরা স্কুলের জন্য কাঠামোর অভিমুখী করা

## শক্তিশালী পরিবার-কম্যুনিটি বন্ধন

এনওয়াইসি সকলের জন্য প্রি-কে মজবুত সম্পর্কের মধ্যদিয়ে শুরু হয় এবং একজন শিশুর পি-১২ অভিজ্ঞতা শুরুর মুহূর্তে পরিবারগুলোর মধ্যে অংশিতা স্থাপনের এক অনন্য উপায়। প্রি-কে কর্মসূচিগুলি পরিবারবর্গের সঙ্গে তাদের বোধগম্য উপায়ে যোগাযোগ করা এবং ছেলেমেয়ে ও তাদের চাহিদা সম্পর্কে পরিবারবর্গের ধারণাকে সম্মান করার মাধ্যমে কম্যুনিটিতে আস্থা ও শ্রদ্ধার সম্পর্ক সৃষ্টি করে থাকে। পরিবারবর্গকে তাদের সন্তানের প্রথম শিক্ষক ও সমর্থক হওয়ার জন্য সামর্থ্যগঠনে সহায়তা করার পাশাপাশি কর্মসূচিগুলি প্রতিটি শিশু ও পরিবারকে সফল হওয়ার জন্য সাহায্য করার উদ্দেশ্যে পরিবার ও কম্যুনিটি সংগঠনগুলির সঙ্গে সহযোগী সম্পর্ক গড়ে তোলে।

## কার্যকর স্কুল নেতৃত্ব

এনওয়াইসি সকলের জন্য প্রি-কে নেতৃত্ব কর্মসূচিটি *কী উপায়ে* পরিষেবিত কম্যুনিটির প্রত্যেক ছেলেমেয়ের শিক্ষণ ও বিকাশে সাহায্য করবে তার দর্শন রূপায়ণে মুখ্য ভূমিকা পালন করে থাকেন। তারা উক্ত দর্শনকে সাহায্য করার জন্য কর্মসূচিতে একটি ইতিবাচক সংস্কৃতি গড়ে তোলেন এবং লক্ষ্যনির্ধারণে শিক্ষক ও পরিবারবর্গের সঙ্গে কাজ করেন। তারা ছেলেমেয়েদের জন্য ফল উন্নত করার উদ্দেশ্যে নিজেদের সহায়সঙ্গতি ব্যবস্থাপনায় নানা ধরনের তথ্য সংগ্রহ ও ব্যবহার করে থাকেন। নেতৃবৃন্দ কর্মসূচির মান উন্নত করার জন্য তাদের কর্মচারী ও পরিবারগুলির সঙ্গে একযোগে কাজ করেন।

## সহায়ক পরিবেশ:

এনওয়াইসি সকলের জন্য প্রি-কে কর্মসূচি ছেলেমেয়েদেকে তাদের শিক্ষণ ও ক্রমবিকাশের পথে একটি নিরাপদ ও সুস্থ পরিবেশ প্রদান করে। প্রতিটি ছেলেমেয়ের পার্থক্যকে সম্মান করে ও মূল্য দেয় এবং নিজেদের শিক্ষার ধরন বদলায় যাতে প্রত্যেক ছেলেমেয়ে সফল হতে পারে। প্রত্যেক ছেলেমেয়েকে তাদের সামগ্রিক শিক্ষা ও বিকাশের জন্য উচ্চ প্রত্যাশা পূরণে সহায়তা দেওয়া হবে।

## কঠোর নির্দেশনা

সকলের জন্য প্রি-কে ছেলেমেয়েরা হচ্ছে সক্রিয় বিদ্যার্থী যারা খেলাধুলা, অনুসন্ধান, এবং শিক্ষক ও সতীর্থদের সঙ্গে তাদের সম্পর্কের মাধ্যমে শিখে থাকে। শিক্ষকেরা হলেন আদর্শ ব্যক্তি এবং এমন একটি শ্রেণিকক্ষ সংস্কৃতি সৃষ্টির জন্য একত্রে ও ছেলেমেয়েদের সঙ্গে মিলিতভাবে কাজ করেন যেখানে ছেলেমেয়েরা সূক্ষ্ম চিন্তনের জন্য শেখে, সমস্যা সমাধানের ব্যাপারে অনুপ্রাণিত ও সৃষ্টিশীলভাবে চিন্তা করে, এবং স্বাধীনভাবে কাজ করার পাশাপাশি ইতিবাচক উপায়ে অন্যদের সঙ্গে ভাববিনিময় করে। শিক্ষকরা যখন ছেলেমেয়েদের সঙ্গে সমৃদ্ধ মিথষ্ক্রিয়া করেন, ক্লাসরুমে বৈচিত্র্যকে গ্রহণ করার জন্য নানা ধরনের সামগ্রী ও বই রাখেন, এবং একটি সুচিন্তিত ও সংবেদনশীল উপায়ে বাস্তব পরিবেশ সৃষ্টি করেন, তখন, *সকল* শিক্ষার্থী তাদের শিক্ষণ ও বৃদ্ধির ক্ষেত্রে সহায়তাপ্রাপ্ত হয়।

এনওয়াইসি সকলের জন্য প্রি-কেতে শিক্ষকেরা ক্লাসে ছোটো ছেলেমেয়েদের উপযোগী মূল্যায়ন, ছেলেমেয়েদের পর্যবেক্ষণ ও শ্রবণ, এবং পরিবারের সঙ্গে দ্বিমুখী যোগাযোগের মাধ্যমে শিক্ষার্থীদের সম্পর্কে অবগত হন। শিক্ষকেরা পাঠক্রম পরিকল্পনায় প্রিকিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর কমন কোরের সকল পরিসরে প্রি-কে শিক্ষার্থীদের শিক্ষণ লক্ষ্যসমূহের সঙ্গে সেই জ্ঞান ব্যবহার করে থাকেন। এই চক্রটি অব্যাহত থাকে এবং শিক্ষার্থীরা কী জানে এবং সারা বছর করতে পারে সে বিষয়ে শিক্ষকদের সাড়া দেওয়ার সুযোগ দেয়। এসব মূল্যায়ন ও পরিকল্পনা পদক্ষেপের কঠোরতা, এবং সেই সঙ্গে ছোটো ছেলেমেয়েদের শেখার ধরনসমূহকে সম্মান করে এমন নির্দেশনা, সকলের জন্য প্রি-কে কর্মসূচিগুলির সকল ছেলেমেয়েকে কিন্ডারগার্টেন ও উত্তরকালে সাফল্যলাভে আবশ্যক জ্ঞান, দক্ষতা ও মনোভঙ্গির ভিত্তি গড়ে দিতে সাহায্য কোর বিষয়টি নিশ্চিত করে।

## সহযোগিতামূলক শিক্ষকমণ্ডলী

এনওয়াইসি সকলের জন্য প্রি-কে শিক্ষক, নেতৃত্ব এবং অন্যান্য শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারী সকল ছেলেমেয়ে ও পরিবারের জন্য তাদের পেশার রীতি এবং ফল উন্নয়নে অঙ্গীকারবদ্ধ। তারা প্রি-কে ক্লাসরুমে শিক্ষকতা ও শিক্ষণের মানোন্নয়নে সম্মিলিতভাবে কাজ করেন। কর্মসূচির পরিচালকগণ শিক্ষার্থীর কাজ থেকে শেখা এবং পেশাগত অভিমত দেওয়ার জন্য শিক্ষক ও অন্যান্য কর্মচারীর সঙ্গে কাজ করেন। শিক্ষকগণ তাদের নিজেদের শেখার দায়িত্বগ্রহণ এবং নিজেদের নেতৃত্বদান ক্ষমতার উন্নয়নে সহায়তালাভ করেন।

## আস্থা

প্রত্যেকেই ছেলেমেয়েদেরকে স্কুলে ও স্কুল-উত্তর সময়ে সাফল্যলাভে প্রস্তুত করার মধ্যদিয়ে শিশু ও পরিবারের ফলাফল বৃদ্ধির অভিন্ন লক্ষ্যাভিমুখে কাজ করেন। কর্মসূচি পরিচালক, শিক্ষাদান-সংলিষ্ট কর্মচারী, এবং পরিবারবর্গ একে অপরকে মূল্য দেন এবং সম্মান করেন। কর্মসূচি ও স্কুল কম্যুনিটির সকল সদস্যর মধ্যেকার সম্পর্কের ভিত্তি হলো পারস্পরিক শ্রদ্ধা, ব্যক্তি সম্মান ও সততা।

NYC Department of Education
Carmen Fariña, Chancellor

PRE-K FOR ALL

# সকলের জন্য প্রি-কের আদর্শমান

## শক্তিশালী পরিবার-কম্যুনিটি বন্ধন

1. বলিষ্ঠ সম্পর্ক: কর্মসূচিগুলি বলিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার উদ্দেশ্যে পরিবারের, পরিবারগুলির নিজেদের এবং কম্যুনিটির মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, আস্থা, ও যোগাযোগ সুগম করে।
2. দ্বিমুখী যোগাযোগ: কর্মসূচিগুলি শিক্ষার্থীদের কল্যাণ, বিদ্যায়তনিক সাফল্য ও ক্রমবিকাশের অগ্রগতিকে সাহায্য করার জন্য, সাংস্কৃতিক ও ভাষাতাত্ত্বিকভাবে সংবেদনশীল উপায়ে, কর্মসূচি কর্মচারী ও পরিবারবর্গের মধ্যে দ্বিমুখী তথ্য আদানপ্রদানে সহায়তা করে।
3. সামর্থ্য গঠন: কর্মসূচিগুলি সন্তানের উন্নতিতে পরিবারবর্গের অপরিহার্য অবদানের স্বীকৃতি দেয় এবং সন্তানের জন্য নিম্নোক্ত ভূমিকাপালনে পরিবারবর্গকে সাহায্য করে:
   - 3.1. প্রথম শিক্ষক: কর্মসূচিগুলি সন্তানের মধ্যে শিক্ষার বুনিয়াদ বিদ্যায়তনিক, সামাজিক, আবেগত, এবং আচরণগত দক্ষতাগুলো সমৃদ্ধ করায় পিতামাতাদের সামর্থ্য গড়ে দেওয়ার জন্য তাদের সহযোগী হয়।
   - 3.2. প্রথম পক্ষালম্বনকারী: কর্মসূচিগুলি সন্তানের সামগ্রিক প্রয়োজন ও কর্মসূচির উন্নয়ন পরিচালনায় পক্ষালম্বন করতে পরিবারবর্গের সামর্থ্য গড়ে দেওয়ার জন্য তাদের সহযোগী হয়।

## সহায়ক পরিবেশ:

4. স্বাস্থ্য, সুরক্ষা ও কল্যাণ: কর্মসূচি পরিচালকগণ এমন একটি সুস্থ শিক্ষণ পরিবেশ নিশ্চিত করেন যা ছেলেমেয়ে, পরিবার, এবং কর্মচারীদের জন্য ইতিবাচক অভিজ্ঞতাকে সহায়তা করে।
5. শিক্ষায় সমতা ও স্বাতন্ত্রীকরণ: পরিচালক ও শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীরা শিক্ষাদান ও শিক্ষণের রীতি ও পরিবার সংশ্লিষ্টতাকে প্রত্যেক ছেলেমেয়ের চাহিদামুখী করে থাকেন, যাতে সকল ছেলেমেয়ে তাদের শিক্ষণ ও ক্রমবিকাশের অগ্রগতির জন্য উচ্চ প্রত্যাশা অর্জনে সফলভাবে সহায়তাপ্রাপ্ত হয়।

## কঠোর নির্দেশনা

6. বর্ধনশীলতা যাচাই প্রমাণসিদ্ধ মূল্যায়ন: শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীগণ নির্দেশনাকে বিদিত করার জন্য বিভিন্ন পরিসরে ছেলেমেয়েদের বর্ধন ও শিক্ষণ সম্পর্কে পারস্পরিক বোঝাপড়া গভীর করেন।
7. পাঠক্রম পরিকল্পনা চক্র: শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীরা প্রি-কে ফাউন্ডেশন ফর দি কমন কোর-সঙ্গত পাঠক্রম পরিকল্পন ও অভিযোজন করার জন্য শিশু, শিশুর ক্রমবিকাশ, এবং শিক্ষণ-পরিসরব্যাপী বিষয়বস্তুর জ্ঞান সমন্বিত করেন এবং প্রয়োজন মেটান।
8. অর্থপূর্ণ কর্মকাণ্ডে সংশ্লিষ্ট করা: শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীগণ বিভিন্ন ধরনের কার্যকর, বিকাশগতভাবে উপযুক্ত কৌশল ব্যবহার করে সংযোগ তৈরি এবং ছেলেমেয়েদের শিক্ষণকে জ্ঞানের বিভিন্ন শাখায় এবং বিভিন্ন অনুষঙ্গে ও অভিজ্ঞতায় সম্প্রসারিত করার লক্ষ্যে ছেলেমেয়েদের সক্রিয় জ্ঞানান্বেষী হিশেবে সম্পৃক্ত এবং ছেলেমেয়েদের সঙ্গে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া করেন।
9. ইতিবাচক ক্লাসরুম সংস্কৃতি গড়ে তোলা: কর্মসূচিগুলি ছেলেমেয়েদেরকে একটি ইতিবাচক আত্মবোধ গড়ে তুলতে ক্ষমতায়িত ও সাহায্য করার পাশাপাশি সতীর্থ এবং নিজেদের কম্যুনিটি ও নিজেদের পরিবেশের সঙ্গে সশ্রদ্ধ ও গঠনমূলকভাবে ক্রিয়া-প্রতিক্রিয়া করার জন্য উদ্দেশ্যমূলকভাবে পরিচালিত করে।
10. শিক্ষার্থীদের জন্য বাস্তব সহায়সঙ্গতি: কর্মসূচি কর্মচারীরা উদ্দেশ্যবাহিত খেলাধুলার মাধ্যমে ছেলেমেয়েদের শিক্ষণ ও বিকাশ সহজসাধ্য করে তোলার জন্য ক্লাসরুমের এবং বাইরের ভৌত পরিসর ও সহায়সঙ্গতির উন্নতিসাধন করেন।

## সহযোগিতামূলক শিক্ষকমণ্ডলী

11. পেশাগত অনুশীলন ও নেতৃত্বের উন্নতিসাধন: পরিচালক ও শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীরা অব্যাহত পেশাগত শিক্ষণ, সহযোগিতা ও নেতৃত্ব গঠনের অংশী হিশেবে ক্লাসরুমের মান ও কর্মসূচির অভিজ্ঞতা উন্নত করেন।

## কার্যকর স্কুল নেতৃত্ব

12. একটি দর্শনের রূপায়ণ: পরিচালকরা তাদের কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে একটি অভিন্ন দর্শন ও কাজের তত্ব লালন করেন এবং সেই দর্শনকে সাহায্য করার জন্য একটি ইতিবাচক সাংগঠনিক সংস্কৃতি ও কম্যুনিটি।
13. সহায়সঙ্গতি ব্যবস্থাপনা: পরিচালকরা কর্মসূচির লক্ষ্যসমূহ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সাংগঠনিক ও মানব সম্পদ একটি টেকসই ও কৌশলী উপায়ে ব্যবস্থাপন করেন।
14. Pকর্মসূচির মানোন্নয়ন: পরিচালকরা নীতিমালা ও অনুশীলনসমূহের সঙ্গতি বৃদ্ধি করে শিক্ষানির্দেশনা, পরিবার সংশ্লিষ্টতা এবং সাংগঠনিক লক্ষ্যনির্ধারণের জন্য সুচালিত উপাত্তর উপর নির্ভর করার মাধ্যমে ক্লাসরুম ও কর্মসূচির মান মূল্যায়ন ও উন্নত করার লক্ষ্যে তাদের কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে সহযোগিতা করেন।

*উল্লিখিত এনওয়াইসি সকলের জন্য প্রি-কে কর্মসূচির আদর্শমান ছেলেমেয়ে, তাদের পরিবার এবং শিক্ষা কম্যুনিটিকে একটি উচ্চমানসম্পন্ন প্রি-কে অভিজ্ঞতা জোগানর জন্য অপরিহার্য প্রধান অনুশীলনগুলি বর্ণনা করে।*

## শক্তিশালী পরিবার-কম্যুনিটি বন্ধন

1. **বলিষ্ঠ সম্পর্ক:**

***কর্মসূচিগুলি বলিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার উদ্দেশ্যে পরিবারের, পরিবারগুলির নিজেদের এবং কম্যুনিটির মধ্যে পারস্পরিক শ্রদ্ধা, আস্থা, ও যোগাযোগ সুগম করে।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. স্কুলবছর শুরু হওয়ার আগে, কর্মসূচিটি সকল পরিবারকে আলাদাভাবে আমন্ত্রণ জানাবার (অর্থাৎ, আমন্ত্রণপত্র, ফোন, এবং ব্যক্তিগত বৈঠকের মাধ্যমে)পাশাপাশি পরিবারবর্গ পরস্পর এবং কর্মসূচি কর্মচারীদের সঙ্গে সংযোগ গড়ে তোলা শুরু করতে পারেন এমন অনানুষ্ঠানিক অভ্যর্থনা অনুষ্ঠান পরিচালনা ও আসন্ন প্রি-কেতে উত্তরণে পরিবারবর্গ এবং তাদের ছেলেমেয়েদের সহায়তা করার জন্য একটি সুস্পষ্ট পরিকল্পনা প্রণয়ন করে।

b. শিক্ষক ও কর্মসূচি কর্মচারীরা আলোচনা ও সুচিন্তিত চাহিদা মূল্যায়নের মাধ্যমে পরিবারবর্গকে জানার জন্য অব্যাহত প্রচেষ্টাগ্রহণ করেন এবং এই তথ্য পরিবারবর্গের সময়সূচি, সাংস্কৃতিক ও ভাষাগত চাহিদার প্রতি সংবেদনশীল এমন সুস্পষ্ট প্রক্রিয়া প্রণয়নে ব্যবহার করেন।

c. কর্মসূচিটি পরিবারবর্গ ও তাদের ছেলেমেয়েদের চাহিদাপূরণে কর্মসূচি কর্মচারীদের সাহায্য করার জন্য কম্যুনিটির সংগঠনগুলির সঙ্গে যোগাযোগ ও সহযোগিতা করে ।

d. কর্মসূচি কর্মচারীরা ভবনের সর্বত্র, ফোনে এবং আনুষ্ঠানিক যোগাযোগের মাধ্যমে ভাববিনিময়ের সময়ে পরিবারবর্গ ও ছেলেমেয়েদের আন্তরিক ও সশ্রদ্ধ অভ্যর্থনা জানান।

e. এই কর্মসূচি পরিবারবর্গকে স্বাগত ও সম্মান জানায় এমন প্রতীক প্রদর্শন করে এবং পরিবারসমূহ অর্থপূর্ণ সহায়সঙ্গতি ব্যবহার করতে এবং নিজেদের মধ্যে ও সাইট কর্মচারীদের সঙ্গে সম্পর্ক গড়ে তুলতে পারেন এমন ভৌত পরিবেশ জুগিয়ে সাইটের ভৌত পরিবেশে পরিবারবর্গকে মূল্য দেন।

f. শিক্ষকরা সবসময় পড়ায়, কার্যক্রমে, এবং স্কুলের অনুষ্ঠানসমূহে পারিবারিক সংস্কৃতি, প্রতিভা, এবং দক্ষতা সাংস্কৃতিকভাবে যোগ্য উপায়ে সমন্বিত করেন এবং ছেলেমেয়েদের সাফল্য উদযাপনে, উপযুক্ত ক্ষেত্রে স্বেচ্ছাশ্রম দানে এবং একে অপরের সঙ্গে সংযোগ তৈরি করতে সাইটে আসার জন্য সারা বছর পরিবারগুলির জন্য বহু সুযোগ সৃষ্টি করেন।

## 2. <u>দ্বিমুখী যোগাযোগ</u>

***কর্মসূচিগুলি শিক্ষার্থীদের কল্যাণ, বিদ্যায়তনিক সাফল্য ও ক্রমবিকাশের অগ্রগতিকে সাহায্য করার জন্য, সাংস্কৃতিক ও ভাষাতাত্বিকভাবে সংবেদনশীল উপায়ে, কর্মসূচি কর্মচারী ও পরিবর্গের মধ্যে দ্বিমুখী তথ্য আদানপ্রদানে সহায়তা করে।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. শিক্ষকরা *বছরের শুরুতে* পরিবারবর্গ থেকে তাদের সন্তানের আগ্রহ, প্রতিভা, স্বাস্থ্যের খুঁটিনাটি, নিরাপত্তা, ও শিক্ষণ চাহিদাগুলি সম্পর্কে তথ্য সংগ্রহ এবং পরিবারগুলোর জন্য সন্তানের ক্রমবিকাশ সম্পর্কে তাদের পর্যবেক্ষণ, অন্তর্দৃষ্টি ও উদ্বেগের কথা জানাতে প্রতিনিয়ত সাংস্কৃতিক ও ভাষাগতভাবে সংবেদনশীল পদ্ধতি তৈরি করে থাকেন।

b. শিক্ষকরা সন্তানের শক্তি ও চাহিদা সম্পর্কে *অভিন্ন* বোঝাপড়ার ভিত্তিতে সন্তানের জন্য লক্ষ্যনির্ধারণের উদ্দেশ্যে পরিবারবর্গের সঙ্গে একত্রে কাজ করেন, এই উপাত্ত পাঠক্রম ও নির্দেশনা পরিকল্পনায় ব্যবহার করেন, এবং তাদের সন্তানের কাজ পর্যালোচনা ও তাদের সন্তানের শনাক্তকৃত লক্ষ্যসমূহ অর্জনে অগ্রগতির ব্যাপারে আলোচনা করতে পরিবারবর্গের জন্য সুনির্দিষ্ট সুযোগ তৈরি করেন।

c. সন্তানের বিদ্যায়তনিক, সামাজিক, আবেগগত ও আচরণগত ক্রমবিকাশের বিষয়গুলো যখন উদ্ভূত হয়, তখন স্কুলবছরের শুরুতে প্রতিষ্ঠিত যোগাযোগের মাধ্যমগুলির ভিত্তিতে *কোন* প্রক্রিয়ায় পরিবারবর্গ ও কর্মচারীরা একত্রে কাজ করেন কর্মসূচিটি তা প্রতিষ্ঠিত ও অবহিত করে।

d. শিক্ষক ও কর্মচারীরা পরিবারগুলিকে ড্রপ-অফ ও পিক-আপের সময় কথোপকথনের মাধ্যমে, এবং পরিবারগুলির সুনির্দিষ্ট পছন্দ অনুসারে যোগাযোগের অন্যান্য মাধ্যমে তাদের সন্তানের অগ্রগতি সম্পর্কে সর্বদা ইতিবাচক ও গঠনমূলক অভিমত প্রদান করেন।

3. **<u>সামর্থ্য গঠন:</u>**

***কর্মসূচিগুলি সন্তানের উন্নতিতে পরিবারবর্গের অপরিহার্য অবদানের স্বীকৃতি দেয় এবং সন্তানের জন্য নিম্নোক্ত ভূমিকাপালনে পরিবারবর্গকে সাহায্য করে:***

3.1 **<u>প্রথম শিক্ষক:</u>**

***কর্মসূচিগুলি সন্তানের মধ্যে শিক্ষার বুনিয়াদ বিদ্যায়তনিক, সামাজিক, আবেগত, এবং আচরণগত দক্ষতাগুলো সমৃদ্ধ করায় পিতামাতাদের সামর্থ্য গড়ে দেওয়ার জন্য তাদের সহযোগী হয়।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. কর্মসূচিটি ছেলেমেয়েদের বিদ্যায়তনিক, সামাজিক, আবেগগত এবং আচরণগত উন্নতিবিধানে পরিবারগুলির অপরিহার্য ভূমিকায় এর দৃঢ় বিশ্বাস প্রকাশ করার পাশাপাশিছেলেমেয়েদেকে উচ্চ প্রত্যাশার কথা সক্রিয়ভাবে বলা এবং বিদ্যার্থী হিশেবে তাদের উন্নয়নকে উৎসাহিত করার গুরুত্বের ওপর জোর দেয়।
b. স্কুলবছরের শুরুতে শিক্ষক ও কর্মচারীরা কর্মসূচির নীতিমালা, লক্ষ্য এবং বিষয়বস্তুর সঙ্গে পরিবারবর্গকে পরিচিত করেন যাতে পরিবারবর্গ বুঝতে পারেন তাদের সন্তান *কী* শিখছে এবং *কীভাবে* এই শিক্ষণ কর্মসূচির লক্ষ্যগুলোর সঙ্গে সঙ্গতিপূর্ণ।
c. শিক্ষকরা পিতামাতাদের তাদের সন্তানের ক্লাসরুম পরিদর্শন, পাঠদান পর্যবেক্ষণ এবং ক্লাসরুমের নিয়মাবলি, প্রত্যাশা ও অনুশীলনগুলি সম্পর্কে জানতে পরিবারবর্গকে আমন্ত্রণ জানান।
d. শিক্ষক ও পরিবারবর্গ কোন সুনির্দিষ্ট, প্রাত্যহিক কার্যক্রম শিক্ষার্থীদের মস্তিষ্কের বিকাশ ও শেখার সামর্থ্যকে প্রভাবিত করে তা আলোচনা করেন এবং ক্লাসরুমের ভেতরে ও বাইরে ছেলেমেয়েদের শিক্ষণ সমৃদ্ধ করতে সচেষ্ট এমন কৌশল বিনিময়, অনুশীলন ও পরিমার্জন করার জন্য একত্রে কাজ করে থাকেন।

**3.2 প্রথম পক্ষালম্বনকারী:**

***কর্মসূচিগুলি পরিবারবর্গের জন্য সন্তানের প্রয়োজন ও কর্মসূচির উন্নয়ন পরিচালনায় পক্ষালম্বন করতে তাদের সামর্থ্য গড়ে তোলার সুযোগ সৃটি করে।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. কর্মসূচিটি পরিবারগুলির জন্য কর্মসূচির মান সম্পর্কিত বিভিন্ন বিষয়ে মতামত প্রদানের কার্যকর সুযোগ সৃষ্টি করে এবং পরিবারসমূহের মতামত কীভাবে কর্মসূচির উন্নয়নে ব্যবহার করা হবে তা তাদের জানায়।

b. কর্মসূচিটি পরিবারবর্গের জন্য কর্মসূচি পরিচালনায় প্রত্যক্ষ অবদান রাখা এবং স্কুল লিডারশিপ টিম, প্যারেন্ট অ্যাসোসিয়েশন এবং অন্যান্য পিতামাতা/পারিবারিক নেতৃত্বদান কাউন্সিলে অংশগ্রহণ করার মাধ্যমে নেতৃত্ব দেওয়ার সুযোগ সৃষ্টি করে।

c. কর্মসূচি সারা বছর পরিবারগুলির জন্য একে অপরের সঙ্গে যোগাযোগ করা, শেখা এবং একই ধরনে প্রবণতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়তা করার বহু সুযোগ তৈরি করে।

d. কর্মসূচিটি পরিবারবর্গকে তাদের সন্তানের চাহিদাপূরণে সহায়তা করতে পারে এমন লভ্য সহায়সঙ্গতি ও কম্যুনিটি সংগঠনসমূহের সঙ্গে যোগাযোগ ঘটিয়ে দেয়।

e. কর্মসূচিটি বিশেষ শিক্ষার সুপারিশ ও মূল্যায়নসহ কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE) প্রক্রিয়া, এবং "গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড" প্রক্রিয়ার ব্যাপারে সারা বছর পরিবারবর্গকে প্রয়োজনীয় সাহায্য প্রদান করে।

f. প্রি-কে থেকে কিন্ডারগার্টেনে তাদের সন্তানের উত্তরণে পরিবারগুলিকে সহায়তাদানে কর্মসূচিটির পরিষ্কার পরিকল্পনা রয়েছে যার অন্তর্গত কিন্ডারগর্টেনে ভর্তির জন্য পদ্ধতিগত সহায়তা এবংকীভাবে তাদের সন্তানের জন্য উপযুক্ত কিন্ডারগার্টেন কাঠামো বাছাই করতে হবে তার সুস্পষ্ট তথ্য।

## সহায়ক পরিবেশ:

4. **স্বাস্থ্য, সুরক্ষা ও কল্যাণ:**

***কর্মসূচি পরিচালকগণ এমন একটি সুস্থ শিক্ষণ পরিবেশ নিশ্চিত করেন যা ছেলেমেয়ে, পরিবার, এবং কর্মচারীদের জন্য ইতিবাচক অভিজ্ঞতাকে সহায়তা করে।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. কর্মসূচিগুলি সাফল্যের সঙ্গে ছেলেমেয়েদের স্বাস্থ্য-চাহিদার উপর নজর রাখে ও ব্যবস্থাপন করে এবং ছেলেমেয়েদের শিক্ষণ পরিবেশে সুরক্ষা ঝুঁকি রোধ অথবা প্রতিকার করে।

b. কর্মসূচি নিশ্চিত করে যে শিশুর শারীরিক সুস্থতার প্রতি গুরুত্ব দেয় এমন চিকিৎসাগত অনুশীলন অথবা পরিবর্তন যেন ওই শিশুর সামজিক, আবেগিক, এবং মানসিক কল্যাণের প্রতি সংবেদনশীল হয়।

c. কর্মসূচি ছেলেমেয়েদের জন্য পর্যাপ্ত পরিমাণে স্বাস্থ্যকর খাবার জোগায়, যা পুষ্টি সম্পর্কিত সকল গাইডলাইন পূরণ করে এবং সম্ভাব্য ক্ষেত্রে স্থানীয়ভাবে সংগৃহীত এবং/অথবা পরিবেশবান্ধব।

d. কর্মসূচিগুলি ইতিবাচক সহযোগিতার সুযোগ বৃদ্ধি করার জন্য ঠিকসময়ে এবং সৌজন্যের সঙ্গে ছেলেমেয়েদের স্বাস্থ্য ও সুরক্ষা, চিকিৎসা চাহিদা, এবং তাদের সূচি পরিবর্তন (যেমন টয়লেট ব্যবহার, পুষ্টি) নিয়ে যথাযথ এজেন্সি ও পরিবর্গের সঙ্গে যোগাযোগ করে।

e. কর্মসূচির কর্মচারীরা এমন ভৌত পরিবেশের যথাযথ ব্যবহার করে এমন পরিসর তৈরি করেন যা শিক্ষকতার সঙ্গে সংশ্লিষ্ট কর্মচারী ও পরিবারবর্গের জন্ আরামদায়ক ও কার্যকরভাবে উপযুক্ত, এবং যা ইতিবাচক, অভিপ্রেত ও সৌজন্যমূলক মৌখিক ও লিখিত যোগাযোগের সযোগ তৈরি করে।

5. <u>শিক্ষায় সমতা ও স্বাতন্ত্রীকরণ:</u>

***পরিচালক ও শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীরা শিক্ষাদান ও শিক্ষণের রীতি ও পরিবার সংশ্লিষ্টতাকে প্রত্যেক ছেলেমেয়ের চাহিদামুখী করে থাকেন, যাতে সকল ছেলেমেয়ে তাদের শিক্ষণ ও ক্রমবিকাশের অগ্রগতির জন্য উচ্চ প্রত্যাশা অর্জনে সফলভাবে সহায়তাপ্রাপ্ত হয়।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. সকল প্রি-কে কর্মসূচির পথনির্দেশক দর্শনের অভিমুখ কর্মসূচির আদর্শমান এবং প্রিকিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর কমন কোর (PKFCC)-এর পথনির্দেশক নীতিমালা ও ছেলেমেয়েদের ফলাফলের সঙ্গে সঙ্গতিপূর্ণ করা হয় এবং বিবিধ সক্ষমতা, সংস্কৃতি, ভাষা, ও শিখনরীতির অনুসারী ছেলেমেয়েসহ *সকল* ছেলেমেয়ের জন্য উচ্চ প্রত্যাশা ব্যক্ত করে থাকে।

b. কর্মসূচি ক্লাসরুমে ও কর্মসূচি স্তরে অনুশীলন সহায়সঙ্গতি যথাযথভাবে বরাদ্দ করার জন্য পরিবারবর্গের সঙ্গে কাজ করার মাধ্যমে সকল ছেলেমেয়ে ও পরিবারের সাংস্কৃতিক ও ভাষিক বৈচিত্র্যকে স্বাগত জানায় ও সহায়তা দান করে।

c. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা নিশ্চিত করেন যে সকল ছেলেমেয়ে একটি আন্তরিক এবং সামাজিক ও মানসিকভাবে সহায়ক পরিবেশে তাদের শেখার প্রমাণ দেওয়ার জন্য একাধিক উপায়ে প্রকাশ করার সুযোগ লাভ করেছে।

d. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা ছেলেমেয়ে তাদের পরিবারের অনন্য চাহিদা পূরণ করার জন্য পড়ানর কৌশল, কার্যক্রম এবং সহায়সঙ্গতি ব্যবহারে তারতম্য করেন।

e. কর্মসূচি বাইরের এজেন্সিগুলির সঙ্গে কার্যকরভাবে কাজ করে, যেমন স্পেশাল এডুকেশন ইটিনেরান্ট টিচার্স (SEIT) ও সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীগণ। এছাড়া, ইন্ডিভিজুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEPs) প্রণয়ন ও বাস্তবায়নের ব্যাপারে কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE)সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা ও আইইপির অগ্রগতি নিরীক্ষণ করা হয়।

## কঠোর নির্দেশনা

6. **বর্ধনশীলতা যাচাই এবং প্রমাণসিদ্ধ মূল্যায়ন:**

***শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীগণ নির্দেশনাকে বিদিত করার জন্য বিভিন্ন পরিসরে ছেলেমেয়েদের বর্ধন ও শিক্ষণ সম্পর্কে পারস্পরিক বোঝাপড়া গভীর করেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. কর্মসূচি নিশ্চিত করে যে কর্মসূচি যেসব বাছাই ও মূল্যায়নের টুল ব্যবহার করে থাকে সেগুলির জন্য শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা যথাযথ প্রশিক্ষণ ও সহায়তা লাভ করেছেন এসব অনুশীলন সাংস্কৃতিক, ভাষিক ও বর্ধনশীলভাবে সংবেদনশীল।

b. কর্মসূচিতে ভর্তি হওয়ার পর পাঠক্রমে সম্পৃক্ত হওয়ার জন্য ছেলেমেয়েদের যেসব বাড়তি সহায়তা আবশ্যক হতে পারে সেগুলি নিরূপণে শিক্ষকগণ চলমান প্রকৃত মূল্যায়নের পাশাপাশি একটি বৈধ ও নির্ভরযোগ্য ডেভেলপমেন্ট স্ক্রিনিং টুল ব্যবহার করে ছেলেমেয়েদের বাছাই করে থাকেন।

c. শিক্ষকগণ পুরো স্কুলবছরে প্রত্যেক শিক্ষার্থীর বর্ধনশীলতার অগ্রগতি ও শিক্ষণের অবস্থা নিরীক্ষণের জন্য একটি অনুমোদিত, গবেষণাভিত্তিক প্রকৃত মূল্যায়ন ব্যবস্থা ব্যবহার করে থাকেন, যার অন্তর্গত:
   i. পর্যবেক্ষণের নোট ও ছবির মাধ্যমে ছেলেমেয়েদের কার্যকলাপ ও যোগাযোগের প্রমাণ;
   ii. শিক্ষার্থীর প্রকৃত কাজ সংগ্রহ ও বিশ্লেষণ;
   iii. প্রিকিন্ডারগার্টেন ফাউন্ডেশন ফর কমন কোর-এর সকল বিভাগে মূল্যায়ন, যার অন্তর্গত:
      1. শিক্ষণের প্রক্রিয়াসমূহ;
      2. শারীরিক বধন ও স্বাস্থ্য;
      3. সামাজিক ও আবেগজনিত অগ্রগতি;
      4. যোগাযোগ, ভাষা ও সাক্ষরতা;
      5. বিশ্ব সম্পর্কিত ধারণা ও জ্ঞান

d. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা ছেলেমেয়েদের কাছে নিজেদের শিক্ষণ সম্পর্কে তাদের বোধ ও ধারণা জানতে চান যা নিম্নলিখিত প্রক্রিয়ায় নির্দেশনাগত অনুশীলনে সমন্বিত করা হবে:
   i. ছেলেমেয়েদেরকে তাদের কাজ সম্পর্কে জিজ্ঞাসা এবং পরিকল্পনা অথবা পরের ধাপগুলি নিয়ে আলোচনা করা;
   ii. ছেলেমেয়েদেরকে কোনো ধারণা সম্পর্কে নিজেদের বোধ বা নতুন দক্ষতা আয়ত্ত করার প্রক্রিয়া ব্যাখ্যা করতে বলা এবং মতামতের ধারায় সম্পৃক্ত হওয়া;

e. শিক্ষকগণ সন্তানের স্ক্রিনিং সম্পর্কে পরিবারবর্গের সঙ্গে যোগাযোগ করার পাশাপাশি ছেলেমেয়েদের জন্য অভিন্ন বুঝ ও লক্ষ্য তৈরির উদ্দেশ্যে পরিবারের সঙ্গে সহযোগিতার ব্যাপারে কর্মসূচির অংশ হিশেবে নিয়মিত প্রকৃত মূল্যায়লব্ধ উপাত্ত অবহিত করেন।

7. **<u>পাঠক্রম পরিকল্পনা চক্র:</u>**

***শিক্ষাদান-সংশ্লিষ্ট কর্মচারীরা প্রি-কে ফাউন্ডেশন ফর দি কমন কোর-সঙ্গত পাঠক্রম পরিকল্পন ও অভিযোজন করার জন্য শিশু, শিশুর ক্রমবিকাশ, এবং শিক্ষণ- পরিসরব্যাপী বিষয়বস্তুর জ্ঞান সমন্বিত করেন এবং প্রয়োজন মেটান।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. প্রিকিন্ডারগর্টেন ফাউন্ডেশন ফর দ্য কমন কোর-এর বিধি শিক্ষণ ও বর্ধনের আওতায় যেসব অনুক্রম ও কৌশলের মাধ্যমে ছেলেমেয়েরা শেখে ও বর্ধিত হয়ে থাকে, শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীররা সেগুলির ব্যাপারে ওয়াকিবহাল।

b. কর্মসূচি নিশ্চিত করে যে প্রত্যেক ছেলেমেয়ে এবং ক্ষুদ্র গ্রুপে নির্দেশনা পদ্ধতিগুলির মধ্যে পার্থ্যক এবং সমগ্র ক্লাসের জন্য পাঠ ও কার্যক্রম পরিকল্পনা করার উদ্দেশ্যে শিক্ষকরা প্রকৃত মূল্যায়ন ব্যবস্থালব্ধ তথ্য ব্যবহারে কার্যকরভাবে প্রশিক্ষণপ্রাপ্ত।

c. পাঠক্রমের কর্মকাণ্ড ও শিক্ষণ পরিবেশ পরিকল্পনা ও মানানসই করার জন্য শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা নিয়মিত বৈঠক করেন, যার ভিত্তি হয়:

    i. ছেলেমেয়েদের শিক্ষণ ও বর্ধনশীলতায় অগ্রগতির উপাত্ত মূল্যায়ন;

    ii. ছেলেমেয়েদের আগ্রহ, জীবনবৃত্তান্ত, ও শিক্ষণ ভাবনা সম্পর্কে জ্ঞান;

    iii. পাঠক্রমের বিষয়বস্তু, শিক্ষণ ও বর্ধনের অনুক্রমের জ্ঞান, এবং নিজের বিষয়ে ও অন্যান্য বিষয়ের সাথে যোগসূত্র স্থাপনের সুযোগ;

    iv. কার্যকর পরিবার সংশ্লিষ্টতা অনুশীলন থেকে প্রাপ্ত অন্য যেকোনো শিক্ষামূলক বা উন্নয়নমূলক বিবেচনা সম্পর্কিত জ্ঞান;

    v. শিশুর আইইপির লক্ষ্য এবং এসইআইটি এবং/অথবা রিলেটেড সার্ভিস প্রদানকারীরা জানিয়েয়ে এমন কৌশলসমূহ, যদি প্রযোজ্য হয়।

d. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা শিক্ষণের লক্ষ্য সমন্বিত এবং আকর্ষণীয় ও অর্থপূর্ণ কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়ার জন্য একাধিক প্রবেশমুখ সৃষ্টি করে বিষয়বস্তু সম্পর্কে এমন গভীর অনুসন্ধান ও অভিজ্ঞতার পরিকল্পনা করেন।

e. শিক্ষার্থীকে পছন্দ করার সুযোগদান এবং স্বতস্ফূত "শিক্ষণীয় মুহূর্তগুলোর" সুবিধাগ্রহণ করার মাধ্যমে নমনীয়তার সাথে রুটিন প্রতিষ্ঠা করে শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা ছেলেমেয়েদের শেখার ধরনের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করেন।

f. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা পরিবারবর্গকে সংস্কৃতি, প্রতিভা অথবা দক্ষতা ভাগাভাগি করার সযোগ দেওয়ার পাশাপাশি পাঠক্রমের সংবেদনশীলতা ও ছেলেমেয়েদের যাপিত জীবনের সঙ্গে এর প্রাসঙ্গিকতা নিশ্চিত করার জন্য পরিবারবর্গের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখেন।

## 8. <u>অর্থপূর্ণ কর্মকাণ্ডে সংশ্লিষ্ট করা</u>

***শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীগণ বিভিন্ন ধরনের কার্যকর, বিকাশগতভাবে উপযুক্ত কৌশল ব্যবহার করে সংযোগ তৈরি এবং ছেলেমেয়েদের শিক্ষণকে জ্ঞানের বিভিন্ন শাখায় এবং বিভিন্ন অনুষঙ্গে ও অভিজ্ঞতায় সম্প্রসারিত করার লক্ষ্যে ছেলেমেয়েদের সক্রিয় জ্ঞানান্বেষী হিশেবে সম্পৃক্ত এবং ছেলেমেয়েদের সঙ্গে পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া করেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা প্রতিদিন শিশু-এবং-প্রাপ্তবয়স্ক প্রবর্তিত কর্মকাণ্ডগুলির ভারসাম্যপূর্ণ ব্যবহারের মাধ্যমে পৃথকভাবে এবং ক্ষুদ্র ও সমগ্র দলগত শিক্ষণের সুযোগ দেন।

b. শিক্ষকতা-সংশ্লিষ্টতা কর্মচারীরা শিক্ষার্থীদের অংশগ্রহণের পর্যায় ও পিকেএফসির সকল ক্ষেত্রে শিক্ষণ ও বর্ধনের জন্য নানা ধরনের কর্মকাণ্ডে অভিনিবেশ বৃদ্ধি করার মাধ্যমে কার্যকরভাবে কর্মসূচিতে শিক্ষার্থীদের সম্পৃক্ততা সহজতর করেন।

   i. দিনের শিশু-প্রবর্তিত অংশে, ছেলেমেয়েদেরকে ইচ্ছাকৃতভাবে বিভিন্ন ধরনের কর্মকাণ্ড, সঙ্গী এবং শিক্ষণ সামগ্রী বেছে নেওয়া এবং আগের প্রকল্পগুলিতে ফিরতে দেওয়ার জন্য ক্ষমতায়িত ও উৎসাহিত করা হয়।

c. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা কর্মসূচিজুড়ে সক্রিয়ভাবে শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গিকে উৎসাহিত এবং সমন্বিত করেন, এবং ছেলেমেয়েদেরকে নতুন জ্ঞান, দক্ষতা এবং শিক্ষণ সম্পর্কে তাদের ধারণাগুলো সম্পর্কে তলিয়ে দেখা, ফিরে দেখা, প্রয়োগ এবং প্রকাশ করার জন্য যথেষ্ট সময় ও সুযোগ দিয়ে থাকেন।

d. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা  নিচের বিষয়গুলির সাহায্যে শিক্ষার্থীদের যোগাযোগ ও চিন্তা করার দক্ষতা গড়ে তোলার জন্য ইচ্ছাকৃতভাবে ভাষা ব্যবহার ও মডেল করেন:

   i. ছেলেমেয়েদের সঙ্গে এবং সহপাঠীদের মধ্যে কথোপকথন শুরু করে, যোগ দিয়ে বা দীর্ঘায়িত করে;
   ii. ছেলেমেয়েদের শব্দভাণ্ডার ও তাদের ভাষার জটিলতা সম্প্রসারিত করে;
   iii. ছেলেমেয়েদের অভিজ্ঞতা ও কাজের সাথে ভাষার সংযোগ ঘটানর জন্য আত্মকথন (self talking) এবং সমান্তরাল কথন (parallel talk) ব্যবহার করে;
   iv. ছেলেমেয়েদের অভিজ্ঞতা ও কাজের সাথে প্রাসঙ্গিক ওপেন-এনডেড প্রশ্ন জিজ্ঞাসা করে;
   v. বিশ্লেষণ, যুক্তিবিচার, সৃজনশীল চিন্তন, এবং সমস্যাসমাধানের জন্য ছেলেমেয়েদের ঘনঘন এবং অর্থপূর্ণভাবে সম্পৃক্ত করে;

e. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা ছেলেমেয়েদেরকে পাঠক্রমের ধারণাসমূহের সঙ্গে ছেলেমেয়েদের অভিজ্ঞতা, আগ্রহ এবং পিকেএফসিসি-র বিভিন্ন ক্ষেত্রে অতীত শিক্ষণের সংযোগ ও সম্বন্ধ তৈরিতে সাহায্য করার উদ্দেশ্যে স্ক্যাফোল্ডিং, আলোচনা এবং ইচ্ছাকৃতভাবে ছেলেমেয়েদের কর্মকাণ্ডে উপকরণ নির্বাচন ও সংযুক্ত করে থাকেন।

f. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা দৈনন্দিন কাজের সময়গুলোকে, যেমন খাওয়ার সময় ও অন্তবর্বর্তী সময়, অর্থপূর্ণ শিক্ষণ অভিজ্ঞতা হিসোবে কাজে লাগিয়ে থাকেন।

9. <u>ইতিবাচক ক্লাসরুম সংস্কৃতি গড়ে তোলা:</u>

***কর্মসূচিগুলি ছেলেমেয়েদেরকে একটি ইতিবাচক আত্মবোধ গড়ে তুলতে ক্ষমতায়িত ও সাহায্য করার পাশাপাশি সতীর্থ এবং নিজেদের কম্যুনিটি ও নিজেদের পরিবেশের সঙ্গে সশ্রদ্ধ ও গঠনমূলকভাবে ক্রিয়া-প্রতিক্রিয়া করার জন্য উদ্দেশ্যমূলকভাবে পরিচালিত করে।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. শিক্ষকতা ও কর্মসূচি-সংশ্লিষ্ট কর্মচারীরা শিক্ষণের প্রতি একটি ইতিবাচক মনোভাব গড়ে তোলেন ও অবহিত করেন এবং ছেলেমেয়েদের আনন্দোচ্ছ্বাস, কৌতূহল, জেদ, অধ্যবসায়, পরীক্ষা-নিরীক্ষা দ্বারা পরীক্ষণ, এবং স্বাবলম্বন ও নেতৃত্বের সুযোগে সহায়তা দেওয়ার মাধ্যমে ছেলেমেয়েদের নিজের সম্পর্কে ইতিবাচক গড়ে তোলায় উৎসাহ জোগান।
b. শিক্ষকতা ও কর্মসূচি-সংশ্লিষ্ট কর্মচারীরা দিনভর আদর্শ স্থাপন এবং মর্যাদাপূর্ণ ও সহানুভূতিশীল মিথষ্ক্রিয়ায় উৎসাহ দেন, ছেলেমেয়েদের জন্য স্বস্তি ও সহায়তার উৎস হিসাবে কাজ করেন, ছেলেমেয়েদের মধ্যে সহানুভূতি ও অন্যের প্রতি বিবেচনাবোধ গড়ে তোলার জন্য ভাষা, আলোচনা এবং অন্যান্য নির্দেশনা কৌশল ব্যবহার করে থাকেন।
c. শিক্ষকতা ও কর্মসূচি-সংশ্লিষ্ট কর্মচারীরা রুটিন প্রতিষ্ঠা করার পরেও, ছেলেমেয়েদের শিক্ষণে সম্পৃক্ত রেখে এবং দিনের বিভিন্ন অংশের মধ্যে সাবলীল সংযোগ তৈরি করার মধ্যদিয়ে শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি ও চ্যালেঞ্জের ব্যাপারে নমনীয় ও সংবেদনশীল থাকেন।
d. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরাছেলেমেয়েদের ইতিবাচক আচরণ ও তাদের পছন্দের ভালোমন্দ দিক সম্পর্কে বোঝার ক্ষমতা গড়ে তোলায় তাদের সক্রিয়াভাবে সাহায্য করে এবং দ্বন্দ্ব নিরসনের কৌশলসমূহ অনুশীলনের সুযোগ দিয়ে ছেলেমেয়েদের নিবেশের ব্যাপারে স্পষ্ট ও সুসঙ্গত প্রত্যাশা ব্যক্ত করেন।
e. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা শিক্ষার্থীদের নিজের যত্নগ্রহণের ও আত্মনিয়ন্ত্রণের দক্ষতা গড়ে তোলার জন্য দিনের দৈনন্দিন কাজগুলোয় উৎসাহ দেন এবং তদারক করেন, যেমন টয়লেট ব্যবহার ও বিশ্রাম নেওয়া।
f. শিক্ষকতা ও কর্মসূচি-সংশ্লিষ্ট কর্মচারীরা ছেলেমেয়েদের পরিচর্যা এবং কর্মসূচির সহায়সঙ্গতির প্রতি দরদ ও পরিবেশের জন্য টেকসই অনুশীলনের আদর্শ তৈরি করেন ও প্রণোদনা দেন।

**10. শিক্ষার্থীদের জন্য ভৌত সহায়সঙ্গতি**

***কর্মসূচি কর্মচারীরা উদ্দেশ্যবাহিত খেলাধুলার মাধ্যমে ছেলেমেয়েদের শিক্ষণ ও বিকাশ সহজসাধ্য করে তোলার জন্য ক্লাসরুমের এবং বাইরের ভৌত পরিসর ও সহায়সঙ্গতির উন্নতিসাধন করেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা ছেলেমেয়েদের চাহিদাপূরণ করার জন্য নানা ধরনের অভিজ্ঞতা ও সামগ্রী সমন্বিত করে এমন খেলাধুলা ও প্রকল্পভিত্তিক শিক্ষণ সুযোগ দেওয়ার মাধ্যমে শিক্ষার্থীদের আন্তঃবিষয় শিক্ষণ ও উচ্চতর চিন্তায় সাহায্য করেন, যেমন:
   i. বিভিন্ন ধরনের শিল্পমাধ্যম ও প্রতিমান দিয়ে সৃজনশীল শৈল্পিক অভিব্যক্তি;
   ii. ড্রামাটিক প্লে যা নানা ধরনের প্রপ ও কস্ট্যুম অন্তর্ভুক্ত করে জীবনবৃত্তান্ত, আগ্রহ ও অভিজ্ঞতার বৈচিত্র প্রকাশ করে;
   iii. কর্মসূচি জুড়ে প্রারম্ভিক সাক্ষরতার সহায়সঙ্গতি যেমন লাইব্রেরি, বিকাশগতভাবে যথাযথ লেখার সহায়সঙ্গতি, এবং ছাপার ধারণা সৃষ্টি করে এমন সহায়সঙ্গতি;
   iv. বিজ্ঞান/আবিষ্কারের অভিজ্ঞতা যার অন্তর্ভুক্ত বালু, পানি এবং অন্যান্য সংবেদী সহায়সঙ্গতি;
   v. গণিতের ম্যানিপুলেটিভ; ব্লক ও পাজল;
   vi. বাদ্যযন্ত্র ও নানা ধরনের সঙ্গীতের সাথে মিউজিক ও অঙ্গভঙ্গি;
   vii. গ্রস-মোটর সরঞ্জাম ও সহায়সঙ্গতি যা সকল ছেলেমেয়ের জন্য যথাযথভাবে চ্যালেঞ্জপূর্ণ;
   viii. শিক্ষামূলক আনন্দদায়ক কম্যুনিটি সফর;
   ix. শিক্ষায় প্রযুক্তির যথাযথ প্রদর্শন ও ব্যবহার;
   x. স্বাস্থ্যসম্মত ও মঙ্গলজনক অনুশীলন যেমন রান্না ও পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজ;

b. কর্মসূচি ছেলেমেয়েদের শিক্ষণ এবং বিভিন্ন ক্ষেত্রে উন্নয়নে সহায়তা করার জন্য যথাযথ পরিমাণ ও গুণমানসম্পন্ন আত্মপরিচর্যামূলক সহায়সঙ্গতি, কর্মসূচির কর্মকাণ্ডে প্রত্যহ সম্পৃক্ত হওয়ার জন্য আসবাবপত্র ও সরঞ্জামের সাহায্যে একটি শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষণ পরিবেশ জোগায়।

c. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা এমন ভৌত পরিবেশের ব্যবস্থা করেন যেন সকল ছেলেমেয়ে সাফল্যের সঙ্গে এবং স্বাধীনভাবে তাদের স্বভাবগত কৌতূহল অনুসারে সহায়সঙ্গতি প্রবেশ করতে পারে, দলবদ্ধ কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে বা গোপনীয়তা ও বিশ্রামের জন্য পরিসর খুঁজে পেতে পারে, এবং ক্লাসরুমে ও ক্লাসের বাইরে নিজে নিজে ও সহযোগিতামূলকভাবে কাজ করার জন্য পর্যাপ্ত জায়গা পায়।

d. কর্মসূচি সমগ্র কর্মসূচিব্যাপী সাংস্কৃতিক ও ভাষিকভাবে বৈচিত্র্যপূর্ণ সহায়সঙ্গতি জোগায় যা বৈচিত্র্যকে তুলে ধরে এবং কর্মসূচির ও সমগ্র নিউ ইয়র্ক সিটির ছেলেমেয়ে ও পরিবারবর্গকে চিত্রিত করে।

## সহযোগিতামূলক শিক্ষকমণ্ডলী

**11. পেশাগত অনুশীলন ও নেতৃত্বের উন্নতিসাধন**

***পরিচালক ও শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা অব্যাহত পেশাগত শিক্ষণ, সহযোগিতা ও নেতৃত্ব গঠনের অংশী হিশেবে ক্লাসরুমের মান ও কর্মসূচির অভিজ্ঞতা উন্নত করেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. পরিচালক ও শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা (লিড টিচার এবং অ্যাসিস্ট্যান্ট টিচার/প্যারাপ্রফেশনালদের একটি দলসহ) নিম্নবর্ণিত কারণসমূহের জন্য ব্যবস্থা দ্বারা তৈরি করেন, সহায়তা করেন এবং সম্পৃক্ত হন:
    i. প্রতিটি কর্মসূচির অনুষঙ্গে পেশাদার অনুশীলনগুলির সংবেদনশীলতা লালন করে অনুসন্ধান ও অনুচিন্তনের মাধ্যমে শিক্ষার্থী, ক্লাসরুম ও কর্মসূচি পর্যায়ের উপাত্তের নিয়মিত সহযোগিতামূলক বিশ্লেষণ।
    ii. প্রতিটি কর্মী সদস্যের পেশাগত উন্নতি ও কর্মসচির লক্ষ্যসমূহের জন্য সময়োচিত, স্বচ্ছ, সমতাপূর্ণ এবং প্রাসঙ্গিক শিক্ষক পর্যবেক্ষণ, আন্তর্পরিদর্শন, এবং পেশাগত উন্নয়ন।
    iii. আইইপিযুক্ত ছেলেমেয়ে, মাতৃভাষা ইংরেজি নয় এমন ছেলেমেয়ে, অথবা শিক্ষণ ও বর্ধনজনিত কারণে অন্য কোনো সুনির্দিষ্ট বিবেচনা দাবি করে এমন ছেলেমেয়েসহ সকল ছেলেমেয়ে ও পরিবারের চাহিদাপূরণে কর্মচারীদের সামর্থ্য গড়ে তোলা।

b. পরিচালকরা কর্মচারীদের শক্তি ও চ্যালেঞ্জ এবং অগ্রগতি নিরূপণে ব্যবহৃত পরিমাপগুলোর ব্যাপারে প্রমাণ-ভিত্তিক মতামত জোগান, এবং পেশাগত শিক্ষণ, কর্মচারীদের দায়িত্বগ্রহণ এবং উদ্দেশ্য সম্পর্কে স্পষ্টতার ক্ষেত্রে অভিযোগ্য পরবর্তী পদক্ষেপগুলো নির্দেশ করেন।

c. পরিচালকরা একটি সামাজিক, আবেগগত ও পেশাগত পরিবেশ জুগিয়ে, কর্মচারীদের দক্ষতা ও জ্ঞানের মূল্য ও নেতৃত্বের সুযোগ দিয়ে, এবং অভিমত দেওয়া ও পেশাদরত্বের কাঠামো জুগিয়ে কর্মচারীদের চাকরিতে আকৃষ্ট রাখেন এবং উন্নয়নের সুযোগ দেন।

d. পরিচালক ও প্রশাসকরা সকল কর্মসূচি কর্মচারীকে তাদের কাজের ক্ষেত্রে প্রাসঙ্গিক শর্ত ও নীতিমালা অবহিত করেন এবং যেকোন আপডেট ও চ্যালেঞ্জ সম্পর্কে কর্মচারীদের সচেতন রাখা এবং প্রয়োজনমাফিক রদবদলে কর্মচারীদের সংশ্লিষ্ট করার জন্য যথাযথ পদ্ধতি রয়েছে।

## কার্যকর স্কুল নেতৃত্ব

**12. একটি দর্শনের রূপায়ণ**

***পরিচালকরা তাদের কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে একটি অভিন্ন দর্শন ও কাজের তত্ব লালন করেন এবং সেই দর্শনকে সাহায্য করার জন্য একটি ইতিবাচক সাংগঠনিক সংস্কৃতি ও কম্যুনিটি গড়ে তোলেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. পরিচালকরা কর্মসূচি কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে ছেলেমেয়েদের উচ্চ প্রত্যাশা পূরণ করার উপযোগী একটি অভিন্ন দর্শন লালন করেন, এবং কর্মসূচির দর্শন ও লক্ষ্যসমূহ সম্পর্কে কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে অব্যাহত যোগাযোগ রাখার মাধ্যমে একটি স্বার্থ-ঘনিষ্ঠ কম্যুনিটি গড়ে তোলেন।

b. পরিচালকরা ছেলেমেয়ে ও পরিবারবর্গের জন্য অর্থপূর্ণভাবে ইতিবাচক ফলাফল এগিয়ে নেওয়ার জন্য তাদের উদ্দেশ্য, কর্মতত্ব, কর্মসূচির জন্য লক্ষ্যসমূহ কর্মসূচির মান  সম্পর্কে সবার জন্য প্রি-কের দর্শন ও পিএফসিসির পথনির্দেশক মূলনীতি এবং ছেলেমেয়েদের ফলাফল দ্বারা সজ্ঞাত ও সঙ্গতিপূর্ণ করেন।

c. পরিচালকরা মূল্যবোধ ও পরস্পর ভাববিনিময় এবং শ্রদ্ধাশীল ও পেশাদার আচরণের আদর্শ প্রতিষ্ঠা করে সাংগঠনিক সংস্কৃতিকে অবয়ব দেন।

d. পরিচালকরা পরিবারবর্গের চাহিদার প্রতি সাড়া দেওয়ার জন্য তাদের সঙ্গে তাদের কম্যুনিটিতে যোগাযোগের কারযকর কৌশল ব্যবহার করেন, যা সবার জন্য প্রি-কেতে ভর্তি ও পরিবার সংশ্লিষ্টতা বৃদ্ধি করে।

e. পরিচালকরা কর্মসূচির দর্শন ও লক্ষ্যাভিমুখী অগ্রগতিকে এগিয়ে নেওয়ার উদ্দেশ্যে এনওয়াইডিওই, সিটি এজেন্সিসমূহ ও অন্যান্য সংগগঠনের সঙ্গে গড়ে তোলেন ও কার্যকর সম্পর্ক বজায় রাখেন এবং কম্যুনিটির সংগঠন ও ব্যক্তিবর্গের সঙ্গে সহযোগিতা করেন।

13. <u>সহায়সঙ্গতি ব্যবস্থাপনা</u>

***পরিচালকরা কর্মসূচির লক্ষ্যসমূহ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সাংগঠনিক ও মানব সম্পদ একটি টেকসই ও কৌশলী উপায়ে ব্যবস্থাপন করেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. কর্মসূচি পরিচালকরা সাংস্কৃতিক ও ভাষিকভাবে যথোপযুক্ত সহায়সঙ্গতি এবং উন্নয়নমূলক সংস্কারের বরাদ্দসহ সারা বছর কৌশলগতভাবে পরিকল্পনা ও সহায়সঙ্গতিগুলোকে শিক্ষানির্দেশনা ও পরিবার সংশ্লিষ্টতা অভিমুখী করার জন্য যুক্তিসঙ্গত বাজেট প্রণয়ন ও আর্থিক ব্যবস্থাপনার কৌশল ব্যবহার করে থাকেন।
b. শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারীরা পরিকল্পনা ও প্রস্তুতিগ্রহণ, শিক্ষার্থীদের শিক্ষণ ও বর্ধনের পরিমাপ ও মূল্যায়ন এবং পরিবার্গের সঙ্গে নিয়মিত এবং প্রয়োজন অনুসারে যোগাযোগ করার জন্য সময়লাভসহ শিক্ষাদানের অনুশীলনগুলোয় কার্যকরভাবে সম্পৃক্ত হতে সমর্থ এটি নিশ্চিত করার উদ্দেশ্যে কর্মসূচি পরিচালকরা কৌশলী সূচিনির্ণয়ের সিদ্ধান্ত নিয়ে থাকেন।
c. কর্মসূচি পরিচালকরা ছেলেমেয়ে ও পরিবারবর্গের চাহিদা পূরণের জন্য  আবশ্যক প্রতিভা (যেমন দক্ষতা, মনোভঙ্গি, ও জ্ঞান) রয়েছে এমন আদর্শ শিক্ষক ও কর্মসূচি কর্মচারী কৌশলগতভাবে সংগ্রহ ও নিয়োগদান করেন।
d. পরিচালকরা মানব সম্পদের ব্যাপারে এমন সিদ্ধান্তসমূহ গ্রহণ করেন যা কর্মসূচি কর্মচারীদেরকে তাদের ক্ষেত্রে পেশাদার হিসাবে বিবেচনা এবং কর্মচারীদের পেশাগত শিক্ষণ, সহযোগিতা ও নেতৃত্ব।
e. কর্মসূচি পরিচালকরা উচ্চমানের নির্দেশনা, পরিবার সংশ্লিষ্টতা, ও সাংগঠনিক রীতিনীতি নিশ্চিত করার উদ্দেশ্যে  সকল কর্মচারীর পেশাগত সহায়সঙ্গতি ও প্রযুক্তিতে অভিগম্যতালাভ ও যথোপযুক্তভাবে ব্যবহার নিশ্চিত করেন।

**14. কর্মসূচির মানোন্নয়ন:**

***পরিচালকরা নীতিমালা ও অনুশীলনসমূহের সঙ্গতি বৃদ্ধি করে শিক্ষানির্দেশনা, পরিবার সংশ্লিষ্টতা এবং সাংগঠনিক লক্ষ্যনির্ধারণের জন্য সুচালিত উপাত্তর উপর নির্ভর করার মাধ্যমে ক্লাসরুম ও কর্মসূচির মান মূল্যায়ন ও উন্নত করার লক্ষ্যে তাদের কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে সহযোগিতা করেন।***

*এই মান পূর্ণাঙ্গ বাস্তবায়নকারী একটি কর্মসূচি নিচের সবকটি বৈশিষ্ট্য প্রদর্শন করে:*

a. পরিচালকরা নিশ্চিত করেন যে উন্নয়ন পরিকল্পনাগুলি শিক্ষার্থী, শিক্ষক, ক্লাসরুম ও কর্মসূচি পর্যায়ে বিভিন্ন লদনের ও সূত্রের উপাত্তের (উদাহরণস্বরূপ: উপস্থিতি, প্রকৃত মূল্যায়ন, সমীক্ষা, ECERS-R, CLASS, ইত্যাদি) কার্যকর সংগ্রহ ও ব্যবস্থাপনার মাধ্যমে প্রমাণ-ভিত্তিক।

b. পরিচালকরা কর্মসূচির শক্তি ও চ্যালেঞ্জসমূহের যথাযথ চিত্র জোগানর মাধ্যমে নিয়মিত উপাত্ত বিশ্লেষণ এবং সিদ্ধান্তগুলো প্রণালিবদ্ধ ও ন্যায়সঙ্গতভাবে গ্রহণ করা হয়েছে এটি নিশ্চিত করতে কর্মসূচি কর্মচারীদের সঙ্গে সহযোগিতা করেন।

c. পরিচালকরা কম্যুনিটির ক্ষমতায়ন ও একটি অভিন্ন নেতৃত্ব কাঠামোর প্রসার ঘটাতে অগ্রগতির লক্ষ্য ও পরিকল্পনা প্রণয়নে শিক্ষকতা-সংশ্লিষ্ট কর্মচারী ও পরিবারবর্গের সঙ্গে সহযোগিতা করেন এবং ছেলেমেয়েদের দৃষ্টিভঙ্গি বিবেচনায় রাখেন।

d. পরিচালকরা ক্লাসরুম ও কর্মসূচির মানোন্নয়নের একটি অব্যাহত চক্রকে সজ্ঞাত করার জন্য অগ্রগতি পরিকল্পনার বাস্তবায়ন নিশ্চিত করেন, কর্মসূচির লক্ষ্য অর্জনে অগ্রগতির প্রতি নজর রাখেন, এবং সেই বাস্তবায়ন মূল্যায়ন করেন।

    i. কর্মসূচির উন্নতি প্রচেষ্টার ফলাফল মুল্যায়ন করার মধ্যদিয়ে পরিচালকরা পরিবার ও কম্যুনিটি সংশ্লিষ্টতার কার্যকারিতা, ছেলেমেয়ে, পরিবার বা কর্মচারীদের জন্য কোনো অনিচ্ছাকৃত ফলাফল, এবং কর্মসূচির লক্ষ্যসমূহ কী পরিমাণ সামজিকভাবে দায়িত্বশীল ও শিক্ষায় সমতা অর্জন করে তা মূল্যায়ন করেন।